সংবাদ প্রকাশ 2016 অন্টারিও বাজেট

অন্টারিওর বিনিয়োগগুলি আজ এবং আগামীকালের জন্য কর্মসংস্থান করছে

2017–18 সালে অর্থনৈতিক বৃদ্ধি, কর্মসংস্থান করা এবং বাজেটে সমতা রাখার জন্য সরকার তার পরিকল্পনা চালিয়ে যাচ্ছে

সংবাদ ফেব্রুয়ারী 25, 2016

আজ, অর্থ-মন্ত্রী Charles Sousa প্রকাশ করেছেন *2016 অন্টারিও বাজেট : আজ এবং আগামীকালের জন্য কর্মসংস্থান (Jobs for Today and Tomorrow)*, যা কর্মসংস্থান করা এবং অর্থনৈতিক বৃদ্ধির জন্য সরকারের পরিকল্পনার পরবর্তী পর্যায়টির বর্ণনা দেয়। জুন 2009-এ আর্থিক মন্দার পর থেকে 600,000'র চেয়েও বেশি কর্মসংস্থান হয়েছে। 2019 সাল শেষ হওয়ার আগে অন্টারিও 300,000-এর বেশি অতিরিক্ত কর্মসংস্থান করার লক্ষ্য নেয়, যার ফলে মোট কর্মসংস্থান হয়ে উঠবে 10-বছর সময়কাল ধরে 900,000-এর বেশি মোট নতুন চাকরি। অর্থ মন্ত্রণালয় (Ministry of Finance) অন্টারিও-র প্রকৃত GDP 2015 সালে 2.5 শতাংশ এবং 2016 সালে 2.2 শতাংশ বৃদ্ধি পাওয়ার পূর্বাভাস দিচ্ছে। অন্টারিওর অর্থনৈতিক বৃদ্ধি বর্তমানে জাতীয় বৃদ্ধিকে ছাপিয়ে যাচ্ছে, এবং আশা করা হয় যে এটি চলতে থাকলে পরের দুই বছরেও কানাডার সবচেয়ে শক্তিশালীগুলির মধ্যে অন্যতম হয়ে থাকবে।

অন্টারিওবাসীরা অর্থনৈতিক অবস্থা এবং এটি কীভাবে তাদের এবং তাদের পরিবারগুলিকে প্রভাবিত করতে পারে সে সম্পর্কে উদ্বিগ্ন। এই কারণে *বাজেটটি* বিগত বছরগুলির তুলনায় শীঘ্র পেশ করা হচ্ছে, যাতে অন্টারিওর পরিবার এবং ব্যবসাগুলি দেখতে পায় যে কর্মসংস্থান করা এবং অর্থনৈতিক বৃদ্ধির জন্য সরকারের পরিকল্পনা কীভাবে কাজ করেছে, এবং কীভাবে পরিকল্পনাটি মানুষের জন্য আরো সুযোগ এবং সুরক্ষা গড়ে তোলার জন্য কাজ চালিয়ে যাবে।

পরিকাঠামো এবং উদ্ভাবন, উচ্চ-বৃদ্ধি, রপ্তানি-কেন্দ্রিক ব্যবসাগুলির দ্বারা চালিত একটি স্বল্প-কার্বন অর্থনীতিতে বিনিয়োগ করার মাধ্যমে সরকারের পরিকল্পনাটি আজ অন্টারিওর জনসমাজে ভাল কর্মসংস্থান করছে। এটি মানুষের প্রতিভা এবং দক্ষতায় বিনিয়োগ করছে, এবং উচ্চ-গুণমানসম্পন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার প্রাপ্তিসাধ্যতা সম্প্রসারিত করার মাধ্যমে *2016 বাজেট* ভবিষ্যতে আরো মানুষকে কাজ পেতে এবং কর্মসংস্থান করতে সাহায্য করবে। এছাড়াও আরো বেশি সুরক্ষিতভাবে অবসরগ্রহণ করতে পরিকল্পনাটি অন্টারিওবাসীদের সাহায্য করবে।

2017–18 বাজেটে সমতা রাখার জন্য সরকারের পরিকল্পনাটি সঠিক পথে চলেছে।

মানুষের প্রতিভা এবং দক্ষতায় বিনিয়োগ করা

অন্টারিওর উচ্চ শিক্ষিত কর্মীবল এটির অন্যতম সর্বোচ্চ শক্তি। সকল অন্টারিওবাসীকে একটি নব্য অর্থনীতিতে তাদের পূর্ণ সম্ভাবনায় উপনীত হতে এবং সফল হতে সাহায্য করার জন্য, সরকার মাধ্যমিক-পরবর্তী শিক্ষার জন্য শিক্ষার্থীদের প্রদত্ত সহায়তাটির রূপান্তর ঘটাচ্ছেন যাতে এটিকে স্বচ্ছ, সময়োপযোগী করে তোলা যায় এবং সর্বোচ্চ আর্থিক চাহিদাপূর্ণ শিক্ষার্থীদের লক্ষ্য করে তা প্রদান করা যায়।

সরকার একটি সরল, একীভূত, অগ্রিম অনুদান — অন্টারিও স্টুডেন্ট গ্র্যান্ট [Ontario Student Grant (OSG)] — সৃষ্টি করবে যা 2017–18 স্কুল বর্ষ থেকে শুরু হবে। প্রস্তাবিত ব্যবস্থাটির অধীনে, $50,000 বা তার চেয়ে কম আয়বিশিষ্ট পরিবারগুলি থেকে আসা আর্থিক চাহিদাপূর্ণ শিক্ষার্থীদের জন্য সাধারণ কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে পড়ার খরচ বিনামূল্য হবে, এবং মধ্যম-আয়ের পরিবারগুলির জন্যও শিক্ষা আরো বেশি সামর্থ্যের মধ্যে চলে আসবে।

$83,000 বা তার চেয়ে কম আয়বিশিষ্ট পরিবারগুলি থেকে আসা 50 শতাংশের বেশি শিক্ষার্থীরা সাধারণ পড়ার খরচের অতিরিক্ত অ-পরিশোধনীয় অনুদান পাবেন এবং অন্টারিওর কোনো শিক্ষার্থী বর্তমানে অন্টারিও টিউশন গ্র্যান্ট (Ontario Tuition Grant)-এর মাধ্যমে যে পরিমাণ অর্থের জন্য যোগ্যতাপ্রাপ্ত OSG-এর মাধ্যমে তার চেয়ে কম পাবেন না।

যে সকল পরিবারের বার্ষিক আয় $50,000-এর চেয়ে কম তাদের কোনো প্রাদেশিক শিক্ষার্থী ঋণ থাকবে না। এছাড়াও সরকার পরিণতবয়স্ক এবং বিবাহিত শিক্ষার্থীদের জন্য আর্থিক সহায়তা বৃদ্ধি করবে, এবং মধ্যম- ও উচ্চ-আয়বিশিষ্ট পরিবারগুলির জন্য তাদের মা-বাবার কাছ থেকে প্রত্যাশিত অর্থসাহায্য হ্রাস করার মাধ্যমে সুদ-মুক্ত এবং স্বল্প-খরচের ঋণগুলিকে আরো বেশি করে প্রাপ্তিসাধ্য করবে।

বর্তমান ব্যবস্থার অধীনে অধিকাংশ শিক্ষার্থীদের যে পরিমাণ ঋণ থাকে তার তুলনায় তাদের ঋণ কম থাকবে, এবং উচ্চ-আয়বিশিষ্ট পরিবারগুলির জন্য অন্টারিও স্টুডেন্ট অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Ontario Student Assistance Program)-এর সর্বাধিক ঋণের স্তরটি বার্ষিক $10,000-এ সীমাবদ্ধ করা হবে। অন্টারিও সেইসকল শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান করে চলবে যাদের শিক্ষার্থী ঋণ পরিশোধ করার সমস্যা আছে।

অন্টারিওর ইতিহাসে পরিকাঠামোতে সর্বোচ্চ বিনিয়োগের উপর ভিত্তি করে এগিয়ে চলা

অন্টারিওর অর্থনীতিকে শক্তিশালী করে তুলতে এবং আজকের ও আগামীকালের জন্য কর্মসংস্থান করতে সর্বজনীন পরিকাঠামো গড়ে তোলা এবং পুনরুজ্জীবিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই *বাজেটে*, সরকার পরবর্তী 10 বছর ধরে রাস্তাঘাট, সেতু, জনপরিবহন, হাসপাতাল এবং স্কুলগুলির খাতে $137 বিলিয়নের বেশি বিনিয়োগ করছেন। এর ফলে 2014–15 সাল থেকে শুরু করে 12 বছর ধরে $160 বিলিয়ন বিনিয়োগ করা হবে, যা অন্টারিওর ইতিহাসে সর্বজনীন পরিকাঠামোতে সর্বোচ্চ বিনিয়োগ। এইসকল পরিকল্পিত বিনিয়োগগুলি প্রতি বছরে গড়ে 110,000-এর চেয়ে বেশি কর্মসংস্থানকে সহায়তা দেবে।

সরকারের-মালিকানাধীন সম্পত্তিগুলির মূল্য সর্বাধিক করার মাধ্যমে প্রদেশটি সময়ের সাথে সাথে $5.7 বিলিয়ন উপার্জন করার ক্ষেত্রে সঠিক পথে এগিয়ে চলেছে - যা *2014 বাজেটে* প্রথমে যা পরিকল্পনা করা হয়েছিল তার চেয়ে $2.6 বিলিয়ন বেশি। যোগ্যতাপ্রাপ্ত সম্পত্তিগুলির বিক্রয় থেকে প্রাপ্ত মোট রাজস্ব আয় ট্রিলিয়াম ট্রাস্টকে (Trillium Trust) উৎসর্গ করা হবে যাতে জনপরিবহন, পরিবহন এবং অন্যান্য অগ্রাধিকারপ্রাপ্ত পরিকাঠামোতে অর্থসাহায্য করা যায়।

একটি অধিক গতিময় এবং উদ্ভাবনী ব্যবসায়িক বাতাবরণে উৎসাহদান করা

অর্থনৈতিক বৃদ্ধি করা এবং কর্মসংস্থান করার জন্য, ব্যবসায়ের খরচ কমাতে, কৌশলগত অংশীদারির মাধ্যমে বিনিয়োগের সুবিধাদান করতে, ব্যবসাগুলিকে বিশ্বজনীন করে তুলতে এবং আর্থিক পরিষেবা ক্ষেত্রকে শক্তিশালী করে তুলতে অন্টারিও সরকারের পরিকল্পনাটি অব্যাহত আছে। সরকার এছাড়াও একটি বন্টিত অর্থনৈতিক কার্যকৌশল গড়ে তুলছেন এবং প্রদেশের সামাজিক উদ্যোগমূলক কার্যকৌশলের নবায়ন করছেন।

বিশ্বজনীন অর্থনীতি কার্বনের মূল্য স্থির করার দিকে এগিয়ে চলেছে। *2016 বাজেট* 2017 সালে কার্বন অনুমতিগুলি নিলাম করার ক্ষেত্রে অন্টারিও-র জন্য পটভূমি তৈরি করে। সেই কারণে, সরকার একটি সীমাবদ্ধতা-ও-লেনদেন কার্যক্রম (cap-and-trade program)-এর প্রস্তাব দিয়েছেন যাতে অন্টারিওকে এটির গ্রীণহাউস গ্যাস [greenhouse gas (GHG)] হ্রাসের লক্ষ্যমাত্রা অর্জনে সাহায্য করা যায়, উদ্ভাবনশীল সংস্থাগুলিকে পুরস্কৃত করা যায় এবং পরিবার ও ব্যবসাগুলি যেন একটি স্বল্প-কার্বন অর্থনীতিতে রূপান্তরের মধ্যে সমৃদ্ধ হয়তা সুনিশ্চিত করা যায়। সীমাবদ্ধতা-ও-লেনদেন কার্যক্রম (cap-and-trade program) থেকে প্রাপ্ত আয়, 2017 সালে $1.9 বিলিয়ন হবে বলে ধারণা করা হয়, যা দূষণমুক্ত (green) প্রকল্পগুলিতে বিনিয়োগ করার জন্য ব্যবহৃত হবে।

সরকার তার ব্যবসায়িক উন্নতির উদ্যোগ (Business Growth Initiative)-এর প্রচলন করা চালিয়ে যাচ্ছে, যেটি একটি উচ্চ-বৃদ্ধিশীল, উদ্ভাবনী অর্থনীতির দিকে প্রদেশের এগিয়ে চলাকে ত্বরান্বিত করা এবং ব্যবসাগুলিকে আনুপাতিক হারে বাড়তে সাহায্য করার জন্য একটি পঞ্চ-বার্ষিকী, $400 মিলিয়ন কার্যকৌশল। এটি নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাকেও আধুনিক করে তুলবে এবং প্রদেশটিতে ব্যবসা করার খরচ কমাবে।

অবসরগ্রহণের সুরক্ষাকে শক্তিশালী করা

অবসরগ্রহণের জন্য সঞ্চয়ের ফারাক কমানোর জন্য, সরকার অন্টারিও রিটায়ারমেন্ট পেনশন প্ল্যান [Ontario Retirement Pension Plan (ORPP)] বাস্তবায়িত করছে, যা কর্মরত অন্টারিওবাসীদের অবসরকালের জন্য সঞ্চয় করতে সাহায্য করবে। সরকার তা সুনিশ্চিত করার লক্ষ্য অর্জনের পথে ভালই এগিয়ে চলেছে, 2020 সালের মধ্যে, সকল যোগ্যতাপ্রাপ্ত অন্টারিও কর্মী একটি তুলনীয় কর্মস্থল পরিকল্পনা (comparable workplace plan) বা ORPP-এর আওতায় আসবে। সফল এবং স্বচ্ছন্দ বাস্তবায়ন সুনিশ্চিত করার জন্য, ORPP অ্যাডমিনিস্ট্রেশন করপোরেশন (ORPP Administration Corporation) 2017 সালে নিয়োগকর্তা প্রতিপাদন এবং তালিকাভুক্তির প্রক্রিয়া চালু করবে, সাথে 2018 থেকে নিয়োগকর্তা এবং কর্মচারীর কাছ থেকে প্রদেয় অর্থ সংগ্রহ করা শুরু হবে।

একই সাথে, অন্টারিও এমন একটি সমাধান খুঁজে পাওয়ার প্রতি অঙ্গীকারবদ্ধ আছে যা একটি জাতীয় পরিকাঠামোর অধীনে অন্টারিওর কর্মচারীদের চাহিদাগুলি পূরণ করার অনুমতি দেবে। অন্টারিও সরকার যুক্তরাষ্ট্র সরকার, প্রদেশ এবং অঞ্চলগুলির সাথে একযোগে কাজ করবে যাতে কানাডা পেনশন প্ল্যান [Canada Pension Plan (CPP)]-এর উন্নতি করার ক্ষেত্রে অগ্রগতি ঘটানো যায়, যা ভবিষ্যতের অবসরপ্রাপ্ত ব্যক্তিদের চাহিদাগুলিকে ওপর নজর দেয়। মূল উদ্দেশ্যটি হল একটি উন্নত CPP পরিকাঠামোতে ORPP-এর লক্ষ্য পূরণের উপায়গুলি সন্ধান করা, যেটি সম্ভব না হলেও, ORPP বাস্তবায়িত করার ক্ষমতা বজায় রাখা।

একটি পক্ষপাতহীন সমাজ গড়ে তোলা

প্রদেশটি মানুষকে তাদের পূর্ণ সম্ভাবনাকে বাস্তবে পরিণত করার জন্য প্রয়োজনীয় সুযোগ ও সহায়তা দিচ্ছে।

সরকার পরিষেবাগুলির রূপান্তর ঘটানোর প্রতি অঙ্গীকারবদ্ধ যাতে বিকাশগত অক্ষমতা থাকা ব্যক্তিরা আরো বেশি স্বাধীন হয়ে উঠতে পারেন। সরকার এছাড়াও সামর্থ্যের মধ্যে আবাসন সংক্রান্ত দীর্ঘ-মেয়াদী কার্যকৌশলকে (Long-Term Affordable Housing Strategy) হালনাগাদ করছে যাতে ব্যক্তিদের আবাসনের পরিবর্তনশীল চাহিদাগুলির প্রতি সাড়া দেয় এমন নমনীয় এবং সহজ সুবিধাগুলির প্রতি লক্ষ্য রেখে অন্টারিওর আবাসন এবং গৃহহীনতা ব্যবস্থার রূপান্তর চালিয়ে যাওয়া যায়।

প্রদেশটি নিজের বিশেষ চাহিদা সংক্রান্ত কার্যকৌশল (Special Needs Strategy) নিয়ে এগিয়ে চলা অব্যাহত রেখেছে যাতে বিশেষ এবং জটিল চাহিদা থাকা শিশু এবং অল্পবয়স্ক ব্যক্তিদেরকে বাড়িতে, স্কুলে, জনসমাজে এবং তারা পূর্ণবয়স্ক হয়ে ওঠার সময়ে সময়োপযোগী এবং কার্যকরী পরিষেবাগুলি পেতে সাহায্য করা যায়। এছাড়াও অটিজম পরিষেবাগুলির পুনর্পরিকল্পনা এবং উন্নয়নের জন্য অন্টারিও পাঁচ বছর ধরে $333 মিলিয়ন বিনিয়োগ করছে।

যে সকল প্রাপ্তবয়স্ক ব্যক্তি অন্টারিও ওয়ার্কস (Ontario Works) পাচ্ছেন এবং যে সকল অক্ষমতা থাকা ব্যক্তিরা অন্টারিও ডিসেবিলিটি সাপোর্ট প্রোগ্রাম (Ontario Disability Support Program)-এর উপর ভরসা করছেন তাদের জন্য 1.5 শতাংশ হার বৃদ্ধি করার মাধ্যমে 2016 সালে, সরকার সামাজিক সহায়তার ক্ষেত্রে তার পূর্ববর্তী বিনিয়োগগুলির উপর ভিত্তি করে এগিয়ে যাবে। এছাড়া যাদের ক্ষেত্রে সামাজিক সহায়তার হার সর্বনিম্ন, নিঃসন্তান একাকী ব্যক্তি যারা অন্টারিও ওয়ার্কস (Ontario Works) পাচ্ছেন - প্রদেশটি তাদের ক্ষেত্রে আরো অতিরিক্ত অর্থ প্রদান করবে - তাদের ক্ষেত্রে মোট বৃদ্ধি প্রতি মাসে $25 হবে যা 2012 সালে তারা যা পেয়েছিলেন তার তুলনায় প্রতি মাসে $100 বেশি।

ওয়াকিং টুগেদার (Walking Together): দেশীয় মহিলাদের প্রতি সহিংসতার অবসান ঘটাতে একটি দীর্ঘ-মেয়াদী কার্যকৌশল-এর মতো এই ধরনের উদ্যোগগুলির মাধ্যমে এবং ট্রুথ অ্যান্ড রিকনসিলেশন কমিশন অফ কানাডা (Truth and Reconciliation Commission of Canada)-এর সুপারিশ অনুসারে কাজ করে, সরকার দেশীয় ব্যক্তিদের জন্য সামাজিক অবস্থা এবং অর্থনৈতিক সুযোগসুবিধার উন্নতি ঘটাচ্ছে।

সরকার অন্টারিওর সর্বজনীন স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থার রূপান্তর ঘটিয়ে চলেছে যাতে বর্তমানে এবং ভবিষ্যতে অন্টারিওবাসীদের কাছে সঠিক পরিচর্যা আরো দ্রুত প্রাপ্তিসাধ্য করে তোলা যায়। আলোকপাত করা বিষয়গুলির অন্তর্ভুক্ত হল হাসপাতালগুলিকে দেওয়া অর্থসাহায্য বাড়িয়ে $345 মিলিয়ন দেওয়া; প্রধান পরিষেবাগুলির জন্য অপেক্ষার সময় হ্রাস করা; আরো বেশি অবিচ্ছেদ্য, দল-ভিত্তিক প্রাথমিক পরিচর্যা সৃষ্টি করা; বাড়িতে এবং সমাজে আরো পরিচর্যা উপলব্ধ করা; 65 থেকে 70 বছর বয়সী উপযুক্ত প্রবীণ ব্যক্তিদের জন্য কোঁচদাদের (shingles) টিকা বিনামূল্যে উপলব্ধ করার প্রস্তাব দেওয়া - যা তাদের প্রায় $170 ব্যক্তিগত খরচ বাঁচায়; এবং জনসমাজ-ভিত্তিক আবাসিক অনাথশালা ও উপশমকর সেবাকেন্দ্রে অতিরিক্ত $75 মিলিয়ন বিনিয়োগ করা, যার জন্য তিন বছর ধরে মোট বিনিয়োগ হবে প্রায় $155 মিলিয়ন।

দৈনন্দিন জীবনকে সহজতর করে তোলা

সরকার অন্টারিওবাসীদের দৈনন্দিন জীবনকে উন্নত করার জন্য অনেক উদ্যোগ চালু করছে। এর অন্তর্ভুক্ত হল ঘন ঘন ব্যবহারকারীদের জন্য হাসপাতালের পার্কিং ফী কমানো, $30 ড্রাইভ ক্লীন (Drive Clean) নির্গমন পরীক্ষার ফী বাতিল করা, বিদ্যুৎ ও শক্তির খরচে সহায়তা দেওয়া, যানবাহনের বিমার হার কমানো এবং জন পরিষেবাগুলি আরো সুবিধাজনকভাবে প্রদান করার জন্য প্রযুক্তি ব্যবহার করা।

সরকার মুদির দোকানে বীয়ারের বিক্রয়ের দায়িত্বশীলভাবে প্রসার ঘটানোর মাধ্যমে অন্টারিওবাসীদের জন্য বিকল্প এবং সুবিধা বৃদ্ধি করেছে, এবং বর্তমানে ওয়াইনের বিক্রয়েরও প্রসার ঘটাচ্ছে। 2016 সালের শরৎকালে, অন্টারিও জুড়ে 70টি পর্যন্ত মুদির দোকান একইসাথে ওয়াইন, বীয়ার এবং সিডার বিক্রয় করার অনুমোদন পাবে। পরিশেষে 300টি পর্যন্ত মুদির দোকানে ওয়াইন পাওয়া যাবে।

সুদৃঢ় রাজস্ব পরিচালন

রাজস্বের লক্ষ্যমাত্রাকে অতিক্রম করার সাথে সাথে, অর্থনীতি, মানুষ এবং একটি সুস্থ, পরিষ্কার ও সমৃদ্ধ স্বল্প-কার্বন ভবিষ্যতে সরকার বিনিয়োগ করে চলেছে। এই বিনিয়োগগুলি সেই সব জন পরিষেবাগুলিকে উন্নত করতে সাহায্য করবে যেগুলির উপরে অন্টারিওবাসীরা ভরসা করেন, তা একই সাথে বৃদ্ধিতে উদ্দীপনা জোগাবে। অন্টারিওর পরিবারগুলিকে সহায়তা করার ক্ষেত্রে এবং সমতা বজায় রাখা ও দীর্ঘ-মেয়াদী সমৃদ্ধির জন্য রাজস্ব সৃষ্টি করার ক্ষেত্রে সেরা উপায় হল ভাল কর্মসংস্থান এবং একটি ক্রমবর্ধমান অর্থনীতি।

সরকার ধারণা করছে যে 2015–16 সালের ঘাটতি $5.7 বিলিয়ন - যা হল *2015 বাজেটের* পূর্বাভাসের তুলনায় $2.8 বিলিয়ন উন্নতি এবং *2015 অন্টারিও ইকোনমিক আউটলুক অ্যান্ড ফিস্কাল রিভিউ (2015 Ontario Economic Outlook and Fiscal Review)*-এ দেখানো লক্ষ্যমাত্রার তুলনায় $1.8 বিলিয়ন উন্নতি। এছাড়াও এটি 2014–15 সালের $10.3 বিলিয়ন ঘাটতির সাথে তুলনায় $4.6 বিলিয়ন উন্নতি।

প্রদেশটি একটানা সপ্তম বছরের জন্য এটির ঘাটতির লক্ষ্যমাত্রাকে অতিক্রম করার জন্য সঠিক পথে চলেছে। প্রদেশটির রাজস্বের লক্ষ্যমাত্রাকে অতিক্রম করে চলার মাধ্যমে, এর মোট ঘাটতি অন্যাথায় যা হতে পারত তার চেয়ে $30 বিলিয়ন কম।

সরকার ধারণা করছে যে 2016–17 সালের ঘাটতি হবে $4.3 বিলিয়ন, যা *2015বাজেটের* পূর্বাভাসের তুলনায় $0.5 বিলিয়ন উন্নতিকে প্রতিফলিত করে। সরকার এছাড়াও ধারণা করছে যে 2017–18 সালে এটি সমতা ফিরিয়ে আনার অঙ্গীকার পূরণ করবে - যা *2010 বাজেটে* প্রথম পরিকল্পিত হওয়া ঘাটতি অপসারণের একটি পরিকল্পনার ফলাফল। প্রদেশের ঋণ ব্যবস্থাপনার ক্ষেত্রে আরো বেশি টিকে থাকার ক্ষমতার একটি ইঙ্গিত হিসাবে, আশা করা হয় যে মোট ঋণ ও GDP-এর অনুপাত 2015–16 সালে সর্বোচ্চ 39.6 শতাংশ হবে, 2016–17 সালে সমান হবে এবং 2017–18 সালে কমতে শুরু করবে।

অর্থনীতির উন্নতি চলতে থাকার আশা নিয়ে এবং সরকারী কার্যক্রম ও পরিষেবাগুলিকে রূপান্তরের নিরন্তর অঙ্গীকার নিয়ে, অন্টারিও 2018–19 সালে সমতা বজায় রাখার পূর্বানুমান করছে।

উদ্ধৃতি

"উদ্ভাবনী, উচ্চ-উন্নতিযুক্ত, রপ্তানি-কেন্দ্রিক ব্যবসাগুলির দ্বারা চালিত পরিকাঠামো এবং একটি স্বল্প-কার্বন অর্থনীতিতে বিনিয়োগ করার মাধ্যমে প্রদেশটির অর্থনৈতিক পরিকল্পনা আজ অন্টারিওর জনসমাজে ভাল কর্মসংস্থানকে সমর্থন করে। পরিকল্পনাটি উচ্চ-গুণমানসম্পন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষা আরো প্রাপ্তিসাধ্য করার মাধ্যমে মানুষের প্রতিভা ও দক্ষতা এবং ভবিষ্যতের জন্য তাদের কাজ পাওয়ার ও সৃষ্টি করার ক্ষমতায় বিনিয়োগ করে। এছাড়াও পরিকল্পনাটি সকল অন্টারিওবাসীকে আরো সুরক্ষিতভাবে অবসরগ্রহণ করতে সাহায্য করে।"

- Charles Sousa, অর্থ-মন্ত্রী (Minister of Finance)

এক ঝলকে বিষয়গুলি

- 2015 সালে অন্টারিওর প্রকৃত GDP 2.5 শতাংশ বৃদ্ধি পেয়েছিল, যা জাতীয় গড়কে অতিক্রম করেছিল।
- প্রদেশটি 10 বছর ধরে হাসপাতালগুলিকে $12 বিলিয়ন মূলধন অনুদান দেওয়ার পরিকল্পনা করে যাতে তারা অত্যাবশ্যক পরিকাঠামো নির্মাণ অব্যাহত রাখতে পারে। সারা প্রদেশ জুড়ে, প্রায় 35টি প্রধান হাসপাতাল প্রকল্প নির্মাণরত অবস্থায় আছে অথবা পরিকল্পনার নানাবিধ পর্যায়ে আছে।
- প্রদেশটি 10 বছর ধরে মাধ্যমিক-পরবর্তী প্রতিষ্ঠানগুলিকে মূলধন অনুদান হিসাবে $3 বিলিয়ন প্রদান করছে যাতে শিক্ষার্থীদের বাড়ির কাছে উচ্চ-গুণমানসম্পন্ন কার্যক্রমগুলি প্রাপ্তিসাধ্য হয় এবং একটি আরো সুদৃঢ় অর্থনীতি গড়ে তোলায় অবদান দেওয়া যায়।
- অন্টারিওর উচ্চ শিক্ষিত কর্মীবল এটির অন্যতম সর্বোচ্চ শক্তি। 2014 সালে, অন্টারিওতে 66 শতাংশ পূর্ণবয়স্ক ব্যক্তির মাধ্যমিক-পরবর্তী শংসাপত্র ছিল, যা 2002 সালের 56 শতাংশ থেকে বৃদ্ধি পেয়েছিল - আর্থিক সহযোগিতা এবং উন্নয়নের জন্য সংগঠন (Organisation for Economic Co-operation and Development)-এর অন্তর্ভুক্ত যে কোনো শের জন্য হারগুলির তুলনায় বেশি।
- *2016 অন্টারিও বাজেটের* জন্য জনগণের মতামত পেতে, সরকার সারা প্রদেশ জুড়ে বাজেট-পূর্ব পরামর্শগ্রহণ পরিচালনা করেছিল। এটির অন্তর্ভুক্ত ছিল 13টি শহরে 700 জনের বেশি মানুষকে নিয়ে করা 20টি ব্যক্তিগতভাবে-উপস্থিত থাকা বাজেট-পূর্ব সেশন, দুটি টেলিফোন টাউনহল যা 52,000 এর বেশি অন্টারিওবাসীর কাছে পৌঁছেছিল, প্রায় 500টি লেখা জমা পড়া এবং Budget Talks ওয়েবসাইট-এর মাধ্যমে 6,500-এর চেয়ে বেশি ব্যবহারকারীর সাথে অনলাইন পরামর্শ।

অতিরিক্ত সংস্থান

- *2016 অন্টারিও বাজেট* পড়ুন
- বাজেট সংক্রান্ত বক্তৃতাটি পড়ুন
- *2016 অন্টারিও বাজেট* সম্পর্কিত নেপথ্য তথ্য পড়ুন:
  - মাধ্যমিক-পরবর্তী শিক্ষাকে আরো বেশি করে প্রাপ্তিসাধ্য করে তোলা
  - এখন ভবিষ্যতের পরিকাঠামো গড়ে তোলা
  - অর্থনৈতিক বৃদ্ধি ঘটানো এবং আগামীকালের জন্য কর্মসংস্থান করা
  - স্বল্প-কার্বন অর্থনীতিতে বিনিয়োগ করা
  - দৈনন্দিন জীবনকে সহজতর করে তোলা
  - এক নজরে অন্টারিও অর্থনীতি
  - অন্টারিওর রাজস্ব সংক্রান্ত মনোভাব
  - স্বাস্থ্য পরিচর্যার রূপান্তর ঘটানো
  - বিদ্যুতের খরচ সামাল দিতে সাহায্য করা